

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য ভবন  
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা।  
[www.masscommunication.gov.bd](http://www.masscommunication.gov.bd)

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পাট-১) / ৯১৪

তারিখ: ২৫.০৩.২০২০


বিষয়: তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত মার্চ-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যাডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাভিবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে মার্চ-২০২০ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী: প্রতিবেদন এক প্রস্থ।

  
২৫/০৩/২০

(আকতার হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ৮৩০০৬৪০।

[dgmasscommunication@yahoo.com](mailto:dgmasscommunication@yahoo.com)

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

মার্চ-২০২০(১ম পক্ষ)

● জনমত শিরোনাম

- বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দেশব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের ৪৯-তম বার্ষিকী উদ্‌যাপিত
- দেশে করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রত্যাশা সাধারণ জনগণের
- চালের দামসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর মূল্য বৃদ্ধি পেয়েছে। নিত্যপণ্যের দাম লিহিতশীল রাখতে কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা
- চলমান ইরি-বোরো মৌসুম সফল করতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রত্যাশা কৃষকের





☐ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দেশব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের ৪৯-তম বার্ষিকী উদ্‌যাপিত

● জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের ৪৯-তম বার্ষিকী সারাদেশে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে উদ্‌যাপিত হয়েছে। হানাদার পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে লড়াইয়ে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণই ছিলো স্বাধিকার অর্জনের মূলমন্ত্র ও দিকনির্দেশনা।

● ৭ মার্চের ঐতিহাসিক ভাষণের বার্ষিকী উপলক্ষে বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন দেশব্যাপী প্রামাণ্যচিত্র প্রদর্শন ও আলোচনাসভাসহ বিশেষ অনুষ্ঠানমালার আয়োজন করে। এসব আয়োজনে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত জনসাধারণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পরিলক্ষিত হয় বলে জনমতে প্রকাশ। অসীম ত্যাগের বিনিময়ে অর্জিত বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ অমিত শক্তির উৎস ছিলো বলে সর্বসাধারণ মতামত প্রকাশ করেছে।

☐ দেশে করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রত্যাশা সাধারণ জনগণের

● চীন, ইরান, ইতালিসহ পৃথিবীর বিভিন্ন দেশে করোনাভাইরাসের সংক্রমণ ব্যাপক হারে বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে দেশে এ ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রত্যাশা জানিয়েছে সাধারণ জনগণ।

● বিদেশ ফেরতদের কোয়ারেন্টাইনে রাখা, রোগ পরীক্ষার পর্যাণ্ড ব্যবস্থা রাখা, বিভিন্ন হাসপাতালে চিকিৎসার জন্য পৃথক ইউনিট রাখা ইত্যাদি বিভিন্ন উদ্যোগের কার্যকর বাস্তবায়ন প্রত্যাশা করছে সাধারণ জনগণ।





☐ চালের দামসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর মূল্য বৃদ্ধি পেয়েছে। নিত্যপণ্যের দাম স্থিতিশীল রাখতে কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা


• বর্তমানে বাজারে চালসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর মূল্য বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি চাল, আটা, ডাল, ভোজ্যতেল পঁয়াজসহ অন্যান্য নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করেছে ভোক্তাসাধারণ।


☐ চলমান ইরি-বোরো মৌসুম সফল করতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রত্যাশা কৃষকের

• চলমান মৌসুমে দেশের বিভিন্ন স্থানে ইরি-বোরো ধান রোপণের কাজ শেষ হয়েছে। ধানের ভালো ফলন নিশ্চিত করতে সেচ সুবিধার জন্য বর্তমান কৃষিবান্ধব সরকারের নিকট নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রত্যাশা ব্যক্ত করেছেন কৃষকরা।

• এদিকে, নির্ধারিত মূল্যে কৃষকরা যেন তাদের উৎপাদিত ধান সরকারি ত্রয় কেন্দ্রে বিক্রয় করতে পারে সেজন্য তারা প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথার্থ উদ্যোগ কামনা করেছে।

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

  
শুকলা বনিক  
সহকারী পরিচালক (প্রচার)  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

  
আকতার হোসেন  
মহাপরিচালক (চলতি দায়িত্ব)  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয়